# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৫১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি ইমাম হবে, তখন তার জন্য বৈধ রয়েছে যে, যাতে লোকজন জামা‘আতে শামিল হতে পারে এজন্য সালাতের প্রথম রাকাত দীর্ঘায়িত করবেন

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُطَوِّلَ الرَّكْعَةَ الْأُولَى مِنْ صَلَاتِهِ رَجَاءَ لُحُوقِ النَّاسِ صَلَاتَهُ إِذَا كان إماماً

---

আরবী

1851 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ قَالَ: حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ عَنْ مُعَاوِيَةَ بْنُ صَالِحٍ عَنْ رَبِيعَةَ بْنِ يَزِيدَ عن قَزعَةَ قَالَ: سَأَلْتُ أَبَا سَعِيدٍ الْخُدْرِيَّ عَنْ صَلَاةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لَيْسَ لَكَ فِي ذَلِكَ خَيْرٌ كَانَتِ الصَّلَاةُ تُقَامُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَيَخْرُجُ أحدنا إلى البقيع ليقضي حاجته ثم يجيء فَيَتَوَضَّأُ فَيَجِدُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم في الركعة الأولى من الظهر.
الراوي : قَزَعَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1851 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة))

বাংলা

১৮৫১. কাযা‘আহ রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আবূ সা’ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাত সম্পর্কে জিজ্ঞেস করলাম, জবাবে তিনি বলেন, “এতে তোমার জন্য কোন কল্যাণ নেই। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য সালাতের ইকামত দেওয়া হতো, অতঃপর আমাদের কেউ তার হাজত পূরণ করার জন্য বাকী‘ নামক জায়গায় যেতো, তারপর তিনি ফিরে আসতেন, অতঃপর ওযূ করতেন, তারপরও তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যোহর সালাতের প্রথম রাকা‘আতে পেতেন।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৮২৫; সহীহ মুসলিম: ৪৫৪; নাসাঈ: ২/১৬৪; সুনান বাইহাকী: ২/৬৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সিফাতুস সালাহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ কায‘আ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91067

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন